ডিএসইতে বড় উত্থান, লেনদেন ছড়ালো হাজার কোটি টাকা



সংগৃহীত ছবি

সপ্তাহের শেষ কার্যদিবস বৃহস্পতিবার (২৮ আগস্ট) দেশের প্রধান শেয়ারবাজার ঢাকা স্টক এক্সচেঞ্জে (ডিএসই) সূচকের বড় উত্থান হয়েছে। এদিন ডিএসইর সবগুলো প্রধান সূচক ১ শতাংশের বেশি বেড়েছে। ক্রেতাদের আগ্রহ বেশি থাকায় বেশিরভাগ কোম্পানির শেয়ারের দাম বেড়েছে এবং লেনদেনের পরিমাণও উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। এক দিনের বিরতি দিয়ে আবারও ডিএসইতে লেনদেন হাজার কোটি টাকার ঘর অতিক্রম করেছে। এর ফলে এই সপ্তাহে পাঁচ কার্যদিবসের মধ্যে চার দিনই লেনদেন হাজার কোটি টাকার উপরে ছিল।

বাজার বিশ্লেষণে দেখা গেছে, ডিএসইর প্রধান সূচক ডিএসইএক্স আগের দিনের চেয়ে ৭৫ পয়েন্ট বা ১.৩৭ শতাংশ বেড়ে ৫,৫১৮ পয়েন্টে দাঁড়িয়েছে। বাছাই করা ভালো ৩০টি কোম্পানি নিয়ে গঠিত ডিএসই-৩০ সূচক ৪১ পয়েন্ট বা প্রায় ২ শতাংশ বেড়ে ২,১৫৭ পয়েন্টে পৌঁছেছে। এছাড়া, ডিএসই শরিয়াহ সূচক ১৮ পয়েন্ট বা ১.৫৫ শতাংশ বেড়ে ১,২০৭ পয়েন্টে অবস্থান করছে।

আজ ডিএসইতে মোট ৩১৯টি প্রতিষ্ঠানের শেয়ার ও ইউনিট লেনদেনে অংশ নিয়েছে। এর মধ্যে ২৮১টির দাম বেড়েছে, ৮৬টির কমেছে এবং ৩১টির দাম অপরিবর্তিত ছিল। আজ ডিএসইতে মোট ১ হাজার ১৩২ কোটি ৩২ লাখ টাকার লেনদেন হয়েছে, যা আগের দিনের ৯৭১ কোটি ৫৩ লাখ টাকার লেনদেনের চেয়ে প্রায় ১৬০ কোটি ৭৯ লাখ টাকা বেশি। আজকের লেনদেনে রেনাটা লিমিটেড সবচেয়ে বড় ভূমিকা রেখেছে, যার ২২ কোটি ৬৫ লাখ টাকার শেয়ার লেনদেন হয়েছে। এরপরই রয়েছে সিটি ব্যাংক, যার শেয়ার লেনদেন হয়েছে ২২ কোটি ১১ লাখ টাকার।

অপরদিকে, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জেও (সিএসই) আজ সূচকের বড় উত্থান দেখা গেছে। সিএসইতে সার্বিক মূল্যসূচক ১৫৬ পয়েন্ট বা ১.০২ শতাংশ বেড়ে ১৫,৩৫৭ পয়েন্টে দাঁড়িয়েছে। মোট ২৩৯টি প্রতিষ্ঠানের মধ্যে ১৫১টির দাম বেড়েছে, ৬৬টির কমেছে এবং ২২টির দাম অপরিবর্তিত ছিল। সিএসইতে আজ মোট ২৪ কোটি ২৪ লাখ টাকার লেনদেন হয়েছে, যা আগের দিনের ১৫ কোটি ৬৩ লাখ টাকার লেনদেনের চেয়ে অনেক বেশি।